

প্রথম আলো

ঢাকা, রোববার, ১৭ ডিসেম্বর ২০০০

৩ পৌষ ১৪০৭, ২০ রমজান ১৪২১

রেজিঃ নং ডিএ ১৮৮০, বর্ষ ৩, সংখ্যা ৪৩

ইন্টারনেট : www.prothom-alo.com

পলিমারের ১০ টাকার নোট নিয়ে মানুষের মাঝে ব্যাপক আগ্রহ

নিজস্ব প্রতিবেদক

পলিমারের ১০ টাকার নতুন নোট নিয়ে মানুষের মাঝে ব্যাপক উৎসাহ ও কৌতূহল লক্ষ করা গেছে। গত বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংক আনুষ্ঠানিকভাবে এই নোট বাজারে ছেড়েছে। পলিমারের তৈরি এই নোট উপমহাদেশে প্রথম।

সকাল ৯টা থেকে কৌতূহলী মানুষ বাংলাদেশ ব্যাংকের মতিঝিল শাখার কাউন্টার থেকে নতুন এই ১০ টাকার নোট সংগ্রহ করতে ভিড় জমান। কয়েকটি লাইনে দাঁড়িয়ে শ শ মানুষ এই নতুন নোট সংগ্রহ করেন। নতুন নোটের ব্যাপক চাহিদা এবং মানুষের ভিড় সামলাতে কর্তৃপক্ষকে পুলিশ মোতায়েন করতে হয়। ভিড়ের চাপে ১৭, ২১ ও ২২ নম্বর কাউন্টারের কাচ ভেঙে যায়।

এদিকে এক শ্রেণীর লোক লাইনে দাঁড়িয়ে টাকা সংগ্রহের পর তা কাউন্টারের কাছেই উৎসুক মানুষের কাছে উচ্চমূল্যে বিক্রি করে। অনেক ক্ষেত্রে ১০ টাকার একটি নোট ১৫ থেকে ২০ টাকা দরে বিক্রি হয়েছে।

বিভিন্ন ব্যাংক ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে এবং বাংলাদেশ ব্যাংকের বহু কর্মকর্তা-কর্মচারী ব্যক্তিগতভাবে নতুন এই নোট সংগ্রহের জন্য বাংলাদেশ ব্যাংকের কারেন্সি অফিসারের কার্যালয়ে যোগাযোগ করেন।

উল্লেখ্য, পলিমারের (প্লাস্টিক) এই নোটটি বাজারের প্রচলিত ১০ টাকার নোটের চেয়ে সাইজে ছোট। এটি হালকা খয়েরি রঙের। বাংলাদেশের জাতীয় প্রতীক শাপলাসমূহ একটি অংশ রয়েছে। নোটটির একপাশে বঙ্গবন্ধু ও বায়তুল মোকাররম মসজিদের ছবি রয়েছে। বিপরীত পাশে রয়েছে জাতীয় সংসদ, সড়ার জাতীয় স্মৃতিসৌধ ও একটি ডিশের ছবি এবং বাংলাদেশ ব্যাংকের লোগো। এই নোটেও সিকিউরিটি সুতা রয়েছে।